গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৮.২৩.০১৫.১৯(অ-২)-১৫০

তারিখ: ০১ চৈত্র ১৪২৬ / ১৫ মার্চ ২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৫ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে রেলপথ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব-এঁর সভাপতিত্বে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে কার্যবিবরণীর অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১৫

**বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা ও আহবায়ক, স্মরণীকা প্রকাশ উপ-কমিটি।
২. অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা ও আহবায়ক, জাতীয় বাস্তবায়ন কমিটি'র অনুমোদিত ৩টি কর্মসূচি বাস্তবায়ন উপ-কমিটি।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা ও আহবায়ক, কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপকমিটি।
৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা ও আহবায়ক, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটি।
৫. অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা ও আহবায়ক, প্রচার-প্রচারণা উপকমিটি।
৬. অতিরিক্ত মহাপরিচালক (অপা:), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা ও আহবায়ক, রেলওয়ে জাম্বুরী আয়োজন উপ-কমিটি।
৭. উপসচিব (আইন-২), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটি।
৮. উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপকমিটি।
৯. পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, রেলওয়ে জাম্বুরী আয়োজন উপ-কমিটি।
১০. সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-১/সংযুক্ত রেলওয়ে অপারেশন), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটি'র অনুমোদিত ৩টি কর্মসূচি বাস্তবায়ন উপ-কমিটি।
১১. উপ-পরিচালক (সংস্থাপন-২), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, স্মরণীকা প্রকাশ উপ-কমিটি।
১২. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ও সদস্য-সচিব, প্রচার-প্রচারণা উপকমিটি।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মোফাজ্জেল হোসেন
সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ০৫ মার্চ ২০২০
সময় : বিকাল ০৩:০০ টা
স্থান : ৯ম তলার সম্মেলন কক্ষ (৯৩০), রেলভবন, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির মধ্যে রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৩টি কর্মসূচি এবং রেলপথ মন্ত্রণালয়ের গৃহীত ১৪টি কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্যকার সভাটি আহবান করা হয়েছে। তিনি কর্মসূচিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনার জন্য উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়কে অনুরোধ জানান। অত:পর সভাপতির নির্দেশনা মোতাবেক উপসচিব (প্রশাসন-২) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| (ক) | **জাতীয় বাস্তবায়ন কমিটি'র অনুমোদিত ৩টি কর্মসূচিঃ** | | | |
|---|---|---|---|---|
| ক্র:নং | কর্মসূচি/কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ১. | ১.১ ট্রেন জন্মশতবার্ষিকীর লোগো/ট্যাগ লাইন দিয়ে সজ্জিতকরণ। | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের পূর্বের সিদ্ধান্ত মোতাবেক ট্রেন ট্যাগ লাইনিং প্রতি রুটে ১টি করে ট্রেনে করার সিদ্ধান্ত রয়েছে। সে হিসেবে ঢাকা-চট্টগ্রাম-সোনার বাংলা, ঢাকা-সিলেট-পারাবাত, ঢাকা-ময়মনসিংহ-তিস্তা, ঢাকা-পঞ্চগড়-পঞ্চগড় এক্সপ্রেস, ঢাকা-রাজশাহী-বনলতা, ঢাকা-খুলনা-চিত্রা এবং ঢাকা-রংপুর-রংপুর এক্সপ্রেস ট্রেন সাজানো যেতে পারে।<br>মহাব্যবস্থাপক (পশ্চিম), রাজশাহী বলেন যে, ট্রেন জন্মশতবার্ষিকীর লোগো/ ট্যাগ লাইন দিয়ে সজ্জিতকরণের ক্ষেত্রে তিনি নতুন আন্ত:নগর ট্রেন উদ্বোধনকালে যেভাবে ট্রেনের কোচগুলি সাজানো হয়েছিল সেভাবে সাজানো যেতে পারে। তিনি ট্রেনের কোচের দরজার দু'পাশে মুজিববর্ষের লোগো ব্যবহার করে সাজানোর পক্ষে মত দেন।<br>সভাপতি ট্রেনের কোচের গায়ে বঙ্গবন্ধুর ভাষণ ও মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ছবি ব্যবহার করে কোচ সাজানোর জন্য নির্দেশনা দেন। | ট্রেনের কোচের দরজার দু'পাশে মুজিববর্ষের লোগো এবং বঙ্গবন্ধুর ভাষণ ও মুক্তিযুদ্ধের গুরুত্বপূর্ণ ছবি ব্যবহার করে ট্রেনের কোচ সাজাতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ১.২ ট্রেনের একটি বগিতে প্রদর্শনীর ব্যবস্থা রাখা। | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, বঙ্গবন্ধুর জীবন, মুক্তিযুদ্ধ ও রেলওয়ের ইতিহাস ও উন্নয়নের চিত্র নিয়ে ২টি ব্রডগেজ ও ২টি মিটারগেজ কোচের ভিতরে মোবাইল মিউজিয়াম তৈরি করে সারা বছর জুড়ে বিভিন্ন রেল স্টেশনে সিডিউল অনুযায়ী প্রদর্শন করার ব্যবস্থা নেয়া যেতে পারে। তিনি আরও বলেন যে, সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপে ২টি কোচ তৈরির কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি ঢাকা-চট্টগ্রাম এবং ঢাকা-পঞ্চগড় রুটে চলাচলকারি ট্রেনের ১টি করে কোচে প্রদর্শনীর ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা দেন। | ঢাকা-চট্টগ্রাম এবং ঢাকা-পঞ্চগড় রুটে চলাচলকারি ট্রেনের ১টি করে কোচে প্রদর্শনীর ব্যবস্থা নিতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| | ১.৩ ঢাকা থেকে টুঙ্গিপাড়া বিশেষ ট্রেন (ফ্রি) সার্ভিস চালু করা। | মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, "ঢাকা থেকে টুঙ্গিপাড়া বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা" করা অত্যন্ত দুরুহ হবে। বর্তমানে রাজশাহী হতে গোবরা (টুঙ্গিপাড়া) পর্যন্ত গোপালগঞ্জ এক্সপ্রেস ট্রেন পরিচালিত হয়ে থাকে। তিনি বাস্তবতার নিরিখে রাজশাহী হতে গোবরা (টুঙ্গিপাড়া) পর্যন্ত একটি বিশেষ ট্রেন পরিচালনার পক্ষে মত দেন। সভায় উক্ত বিষয়টি বিশদভাবে আলোচনা হয় এবং মহপরিচালক, বাংলাদেশ রেলওয়েও এ বিষয়ে একমত পোষন করেন।<br>সভাপতি রাজশাহী হতে গোবরা (টুঙ্গিপাড়া) পর্যন্ত বিশেষ ট্রেন পরিচালনার বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার নির্দেশনা দেন। | রাজশাহী হতে গোবরা পর্যন্ত বিশেষ ট্রেন পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়; |
| **(খ)** | **রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচিঃ** | | | |
| ১. | বড় বড় রেলওয়ে স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন। | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট এবং রেলভবন-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা যেতে পারে।<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় বলেন যে, বাজেট এবং সময়কাল বিবেচনায় রেলভবন এবং কমলাপুর ও চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা যেতে পারে।<br>যুগ্মমহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, রেলভবনের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়ে গেছে ১৭ মার্চের আগেই এটি সম্পন্ন হবে বলে আশা করা যায়।<br>সভাপতি বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের | রেলভবন এবং কমলাপুর ও চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। | | |
| ২. | আনন্দ র‍্যালি আয়োজন | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় বলেন যে, ২০ মার্চ ২০২০ আন্তর্জাতিক সুখ দিবসে রেলভবন হতে আনন্দর‍্যালি আয়োজনের জন্য ডিআরএম (ঢাকা)-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। রাজশাহী ও চট্টগ্রামে আনন্দর‍্যালি আয়োজনের জন্য মহাব্যবস্থাপক (পূর্ব/প্চিম), বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ জানানো হয়েছে।<br>সভাপতি বলেন যে, ২০ মার্চ ২০২০ তারিখে আনন্দ র‍্যালি আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০ মার্চ ২০২০ তারিখে আনন্দ র‍্যালি আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়;<br>২. সংশ্লিষ্ট উপকমিটি। |
| ৩. | বৃক্ষরোপন কর্মসূচি পালন | মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, আগামী বর্ষা মৌসুমে স্ব-স্ব অঞ্চলের নির্ধারিত এলাকাসমূহে বৃক্ষরোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | আগামী বর্ষা মৌসুমে নির্বাচিত এলাকাসমূহে প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৪. | জাতীয় শোক দিবস পালন | মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলের কার্যালয়সমূহে এবং শিক্ষা প্রতিষ্ঠানে ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালন করা হবে।<br>সভাপতি বলেন যে, যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য সর্বাত্মক প্রস্তুতিগ্রহণ করতে হবে। | যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য সর্বাত্মক প্রস্তুতিগ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়;<br>৩। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৫. | পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান | অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, মুজিব বর্ষে "পরিচছন্ন রেলওয়ে-পরিচ্ছন্ন বাংলাদেশ" শীর্ষক স্লোগান নেয়া হয়েছে এবং সে লক্ষ্যে কার্যক্রম হাতে নেয়া হয়েছে।<br>সভাপতি বলেন যে, আগামী ১৭ মার্চ ২০২০ হতে বিশেষ পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। | আগামী ১৭ মার্চ ২০২০ হতে বিশেষ পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে। |
| ৬. | বিশেষ রেল সেবা সপ্তাহ আয়োজন | যুগ্মমহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান যে, মুজিব বর্ষ উপলক্ষে আগামী ২৮ মার্চ হতে ৩ এপ্রিল ২০২০ পর্যন্ত বিশেষ রেল সেবা সপ্তাহ পালনের সিদ্ধান্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক গৃহীত হয়েছে।<br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, ১৭ মার্চ, ২০২০ তারিখের মধ্যে সেবা সপ্তাহটি পালিত না হলে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বরাদ্দকৃত কিছু নম্বর কর্তন হতে পারে। তিনি | মুজিব বর্ষ উপলক্ষে যতাযথভাবে বিশেষ রেল সেবা সপ্তাহ আয়োজন করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়টি বিবেচনায় নিয়ে সেবা সপ্তাহটি পালনের জন্য অনুরোধ করেন। | | |
| ৭. | বঙ্গবন্ধুর ভাস্কর্য/ম্যুরাল তৈরি | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, চট্টগ্রামের সাত রাস্তার মাথায় একটি পূর্ণ দৈর্ঘ্য মূর্তি এবং ঢাকা, রাজশাহী, খুলনা এবং সিলেট স্টেশনে বঙ্গবন্ধুর ভাস্কর্য (আবক্ষ মূর্তি) স্থাপন করা যেতে পারে।<br>সভাপতি বলেন যে, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সিদ্ধান্ত মোতাবেক চট্টগ্রামে একটি ভাস্কর্য তৈরি/ স্থাপন করা যেতে পারে। | রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সিদ্ধান্ত মোতাবেক চট্টগ্রামে বঙ্গবন্ধুর একটি ভাস্কর্য তৈরি/স্থাপন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৮. | ৮.১ বঙ্গবন্ধুর জন্ম ও শিশু দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান<br>৮.২ রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, কুইজ, ছড়া/কবিতা আবৃত্তি অনুষ্ঠান আয়োজন<br>৮.৩ সেমিনার আয়োজন | সভা অবহিত হয় যে, আগামী ১৭ মার্চ ২০২০ তারিখে বঙ্গবন্ধুর জন্ম ও শিশু দিবস এবং ২৬ মার্চ ২০২০ তারিখে স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত স্থান নির্ধারণ, ব্যানার প্রস্তুতকরণ, আমন্ত্রণপত্র ছাপানো ও বিতরণ, আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান, কর্মসূচি বাস্তবায়নে গৃহীত কার্যক্রম এবং আপ্যায়ন করার বিষয়ে উপকমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>সভাপতি বলেন যে, জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, পাকশী, রেলওয়ের কারখানা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এছাড়া, রেলওয়ে হাসপাতালের রোগীদের জন্য উন্নতমানের খাবার সরবরাহ করতে হবে। | (১) জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ঢাকা, চট্টগ্রাম, বাজশাহী, পাকশী, রেলওয়ের কারখানা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে;<br>(২) রেলওয়ে হাসপাতালের রোগীদের জন্য উন্নতমানের খাবার সরবরাহ করতে হবে; এবং<br>(৩) রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, কুইজ, ছড়া/কবিতা আবৃত্তি অনুষ্ঠান এবং সেমিনার আয়োজন করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে; এবং<br>৩। সংশ্লিষ্ট উপকমিটি। |
| ৯. | স্বরণীকা প্রকাশ | মহাপরিচালিক, বাংলাদেশ রেলওয়ে বলেন যে, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে ২৫টি লেখা পাওয়া গিয়েছে। তন্মধ্যে ১৫টি লেখা প্রকাশের জন্য বিবেচনা করা হয়েছে। কমিটি'র কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, একটি ভাল মানের স্বরণীকা প্রকাশের ব্যবস্থা করতে হবে। | একটি ভাল মানের স্বরণীকা প্রকাশের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ১০. | রেলওয়ে স্কাউটদের সম্মেলন | অতিরিক্তি মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, | সফলভাবে রেলওয়ে স্কাউটদের সম্মেলন | সংশ্লিষ্ট উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় নির্বাহী কমিটি'র ২৪৫তম সভায় মুজিব বর্ষ-এর কর্মপরিকল্পনা অনুসারে মার্চ মাসে "জাম্বুরী অন দ্যা ট্রেন" আয়োজনের জন্য সাংগঠনিক কমিটি গঠন করা হয়। এছাড়া, গত ০২ মার্চ ২০২০ তারিখে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে, রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে "জাম্বুরী অন দ্যা ট্রেন" সাংগঠনিক কমিটি'র ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, সফলভাবে রেলওয়ে স্কাউটদের সম্মেলন আয়োজন করতে হবে। | আয়োজন করতে হবে। | |
| ১১. | ১১.১ বড় বড় স্টেশন ও ব্রীজে লাইটিং<br>১১.২ লোকোমোটিভ ও যাত্রী কোচে পোস্টারিং | সভা অবহিত হয় যে, উল্লিখিত সিদ্ধান্ত দু'টি জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৩টি কর্মসূচির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এবং এ বিষয়ে ১ নং আলোচ্যসূচির আওতায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>সভাপতি বলেন যে, রেলভবন, দুই জিএম কার্যালয় এবং গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে আকর্ষণীয়ভাবে লাইটিং করতে হবে। | ১ নং আলোচ্যসূচির আওতায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং রেলভবন, দুই জিএম কার্যালয় এবং গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে আকর্ষণীয়ভাবে লাইটিং করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১২. | ব্যানার ও ফেস্টুন বিতরণ এবং কর্মসূচি প্রচার ও প্রচারণা | অতিরিক্তি মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, গত ১২.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত প্রচার ও প্রচারণা উপকমিটি'র সভার সিদ্ধান্ত মোতাবেক ৩৮২টি স্টেশন, রেলপথ মন্ত্রণালয়, মহাপরিচালকের কার্যালয়, দুই মহাব্যবস্থাপক এবং চার ডিআরএম-এর দপ্তরের জন্য মোট ৪০০টি বিভিন্ন সাইজের ব্যানার তৈরি করা হবে। এছাড়া, মুজিববর্ষ উপলক্ষে কয়েকটি স্লোগানও প্রস্তুত করা হয়েছে। এ সকল কার্যক্রমে সর্বমোট ৬৫,০০,০০০/- (পঁয়ষট্টি লক্ষ) টাকা ব্যয় হতে পারে মর্মে সম্ভাব্য প্রাক্কল করা হয়েছে। | মুজিববর্ষের সাথে সামঞ্জস্যপূর্ণ বিলবোর্ডে বড় ব্যানার তৈরি করে রেলভবনসহ বড় বড় রেল স্টেশনের সম্মুখে প্রতিস্থাপন করতে হবে এবং যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| **(গ)** | **বিবিধ আলোচনাঃ** | | | |
| ১. | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ওপর আলোচনা; | সভা অবহিত হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন-এর উদ্বোধন অনুষ্ঠানসহ সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনার জন্য গত ২৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে জাতীয় বাস্তবায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ২৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের সভার কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুলিপি দিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বলেন যে, প্রাপ্ত কার্যবিবরণীর আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি সংশ্লিষ্ট সকলকে দিতে হবে। | | |
| ২. | জাতীয় বাস্তবায়ন কমিটি'র ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের পত্রের নির্দেশনার ওপর আলোচনা; | সভা অবহিত হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আব্দুল নাসের চৌধুরীর স্বাক্ষরিত একটি পত্র পাওয়া গেছে। উক্ত পত্রে আগামী ১৭ মার্চ ২০২ তারিখে অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বছরব্যাপ অনুষ্ঠান আয়োজনের নির্দেশনা রয়েছে।<br>সভাপতি বলেন যে, প্রাপ্ত পত্রের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি সংশ্লিষ্ট সকলকে দিতে হবে। | প্রাপ্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুলিপি দিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩. | ক্রয় পদ্ধতি | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য কোন্ ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে সেটি স্থির করা দরকার। তিনি আরও বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৮(১) অনুযায়ী রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে সরাসরি ক্রয় পদ্ধতিতে ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগের মাধ্যমে- উদ্বোধন ও সমাপন-অনুষ্ঠান আয়োজন, নগরসজ্জা, দেশে-বিদেশে ওয়ার্কসপ/সেমিনার/কনফারেন্স/ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনীর আয়োজন; স্মারকগ্রস্থ, কফি-টেবিল বই সহ বিভিণ্ন প্রকাশনা; ভিডিও ডকুমেন্টরী; বিভিন্ন প্রকার স্মারক (Memento) তৈরী এবং আউটসোসিং প্রক্রিয়ায় ভৌত সেবা (Non-consulting Services) ক্রয়ের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ বিধি ৭৬(২) এর উল্লিখিত মূল্যসীমার উর্ধ্বে ক্রয়ের প্রস্তাবটি অনুমোদিত হয়েছে।<br>সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ক্রয়কার্য সম্পাদন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ক্রয়কার্য সম্পাদন করতে হবে। | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়;<br>৩. অতিরিক্ত মহাপরিচালক (আরএস/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে<br>৪. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে |
| ৪. | বাজেট | অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে বলেন যে, রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য অনেক অর্থের প্রয়োজন। তিনি অতিরিক্ত অর্থ বরাদ্দের | মুজিববর্ষে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা স্ব-স্ব বাজেট থেকে বাস্তবায়ন করতে | ১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে;<br>২. অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য অনুরোধ জানান। সভাপতি বলেন যে, মুজিববর্ষে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত কর্মপরিকল্পনা স্ব-স্ব বাজেট থেকে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে নিজস্ব বাজেট থেকে ব্যয় সংস্থান সম্ভব না হলে এ উদ্দেশ্যে গঠিত কমিটির সুপারিশক্রমে অর্থ বিভাগ বিশেষ বরাদ্দ প্রদান করবে। তিনি উক্ত সিদ্ধান্ত মোতাবেক কার্যকম গ্রহণের জন্য নির্দেশনা দেন। | হবে। শুধুমাত্র বিশেষ ক্ষেত্রে নিজস্ব বাজেট থেকে ব্যয় সংস্থান সম্ভব না হলে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে গঠিত কমিটির নিকট প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয়;<br>৩. অতিরিক্ত মহাপরিচালক (আরএস/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে;<br>৪. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোফাজ্জেল হোসেন
সিনিয়র সচিব

নং-৫৪.০০.০০০০.০০৮.২৩.০১৫.১৯- ১৪৩

তারিখ: ০১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

**বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/অডিট ও আইসিটি/বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন-১/২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/এমএন্ডসিপি/অপা:), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৭. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৮. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯. রেক্টর, রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রাম।
১০. সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১১. যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২. পুলিশ সুপার, ঢাকা রেলওয়ে বিভাগ, রেলওয়ে পুলিশ, ঢাকা।
১৩. উপসচিব (আইন-২), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটি।
১৪. উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপকমিটি।
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. উপসচিব (উন্নয়ন-২), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, ভাস্কর্য/ম্যুরাল, চেরাকোটা ও বঙ্গবন্ধু কর্ণার তৈরি উপকমিটি।
১৭. সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-১/সংযুক্ত রেলওয়ে অপারেশন), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটি'র অনুমোদিত ৩টি কর্মসূচি বাস্তবায়ন উপ-কমিটি।
১৮. পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, রেলওয়ে জাম্বুরী আয়োজন উপ-কমিটি।
১৯. উপ-পরিচালক (সংস্থাপন-২), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, স্মরণীকা প্রকাশ উপ-কমিটি।
২০. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ও সদস্য-সচিব, প্রচার-প্রচারণা উপকমিটি।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব